

**হার্ট অফ এশিয়া-ইস্তানবুল প্রক্রিয়ার সিবিএম-এর বাণিজ্য ও বিনিয়োগ  
সংক্রান্ত আঞ্চলিক তথ্যপ্রযুক্তি বিভাগের অষ্টম বৈঠক অনুষ্ঠিত হল  
নয়াদিল্লিতে (অগস্ট ৭, ২০১৭)**

হার্ট অফ এশিয়া-ইস্তানবুল প্রক্রিয়ার অধীন আঞ্চলিক প্রযুক্তি ও বিনিয়োগ সংক্রান্ত বিভাগের অষ্টম আঞ্চলিক বৈঠক অনুষ্ঠিত হল আজ, নয়াদিল্লিতে, বৈঠকে নেতৃত্ব দেয় ভারত।

বৈঠকের ঘোষণা সভাপতিত্ব করেন আফগানিস্তান ইসলামিক প্রজাতন্ত্রের বিদেশমন্ত্রকের কার্যকরী অধিকর্তা, অর্থনৈতিক সহযোগিতা বিভাগের জনাব হাসান এবং পররাষ্ট্র বিভাগের যুগ্ম সচিব ড. দীপক মিত্রাল, এবং আজারবাইজান, ইরান, কিরগিজস্তান, পাকিস্তান, রাশিয়া, তাজিকিস্তান, তুরস্ক, তুর্কমিনিস্তান, সংযুক্ত আরব আমীরশাহী, অস্ট্রেলিয়া, মিশর, জার্মানি, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ইইউ এবং জাতিসংঘ-সহ ১৭ টি দেশের প্রতিনিধি ও আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা যোগ দেন।

অংশগ্রহণকারীরা আঞ্চলিক সংযোগ সাধন এবং অর্থনৈতিক উন্নয়নের প্রকৃত সেতু হিসাবে আফগানিস্তানের প্রতি তাদের দৃষ্টিভঙ্গি বিনিময় করেন। তাঁরা সচেতন যে, এশিয়া অঞ্চল এবং আফগানিস্তানের শান্তি ও স্থিতাবস্থার জন্য অর্থনৈতিক উন্নয়ন বিশেষ জরুরি। এই প্রসঙ্গে, আফগানিস্তানে হাব করতে, অংশগ্রহণকারীরা ট্রানজিট এবং বাণিজ্য সম্প্রসারণ এবং নির্ভরযোগ্য ও মজবুত যোগাযোগ ব্যবস্থার বিষয়ে মত বিনিময় করেছেন। মধ্য এশিয়ার সঙ্গে দক্ষিণ এশিয়াকে সংযুক্ত করার জন্য বিদ্যমান ট্রানজিট এবং বাণিজ্যিক চুক্তিগুলি উত্তর ও দক্ষিণ আরও সম্প্রসারিত করা, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (এসএমই) প্রবৃদ্ধি, অর্থনৈতিক উন্নয়নে নারীদের অংশগ্রহণ এবং কাস্টমস প্রক্রিয়ার সহজীকরণ বিষয়টি নিয়েও আলোচনা হয়।

আঞ্চলিক বাজার, বাণিজ্য ও বিনিয়োগের সুযোগগুলির জন্য তথ্য বিনিময় করার জন্য ফিকির অংশগ্রহণের মাধ্যমে ভারত একটি ওয়েব পোর্টালের বিকাশে উদ্যোগ নেয়। এবং অংশগ্রহণকারী দেশগুলির মধ্যে ব্যবসায়িক নেটওয়ার্ক সহজ করার বিষয়টি প্রশংসন পায়।

ভারত, আফগানিস্তান এবং ইরানকে সংযুক্ত করে চাবাহার বন্দরের মাধ্যমে বাণিজ্য ও বিনিয়োগের উন্নয়ন ঘটাতেই এই পদক্ষেপ করা হয়, টিএপিআই গ্যাস পাইপ লাইন, সিএএসএ-১০০০, টিএটি রেলওয়ে লাইন, ল্যাপিস ল্যাজুলি করিডরের ইতিবাচক মূল্যায়ন করা হয়। আফগানিস্তানের সার্বিক বৃদ্ধি, স্থিতিশীলতা এবং সমৃদ্ধির জন্য সব ধরণের সহযোগিতা এবং অর্থনৈতিক উন্নয়নমূলক প্রকল্পের জন্য উভয় পক্ষ সহমত প্রকাশ করে।

দ্বিপাক্ষিক সম্পর্কের উদ্দেশ্যে ভারত পদক্ষেপ গ্রহণ করেছে, সম্প্রতি ভারত ও আফগানিস্তানের মধ্যে গঠিত বিমান করিডরকে স্বাগত জানানা হয়েছে, কারণ এর ফলে আফগানিস্তানের কৃষকরা তাদের উৎপাদিত পণ্য দ্রুত দক্ষিণ এশিয়া এবং আরও দূরে দ্রুত বাজারজাত করার সুযোগ পেয়েছেন। আফগান অফিসারদের সক্ষমতা বৃদ্ধি এবং প্রশিক্ষণে ভারতের সহযোগিতা, প্রকল্পের জন্য পিপিপি মডেলের বাস্তবায়ণ এবং ডবলুটিও সম্পর্কিত বিষয়, অর্থমন্ত্রক এবং ভারত সরকারের বাণিজ্য বিভাগ দ্বারা পরিচালিত হয়েছিল মাস কয়েক আগে, যা ইতিবাচক পদক্ষেপ বলে স্বীকৃত হয়েছিল।

নয়াদিল্লি

অগস্ট ০৭, ২০১৭